



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



সমাজকর্ম বিভাগে নবীন বরণ ও বিদায় অনুষ্ঠান



৩১ অক্টোবর ২০২৩-মঙ্গলবার সমাজকর্ম বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ১৮তম ব্যাচের নবীন বরণ এবং ১২তম ব্যাচের বিদায় অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগের শিক্ষার্থীদের বাংলাদেশকে এগিয়ে নেওয়ার জন্য স্বপ্নের সারথি এবং ২০৪১ সালের বাংলাদেশ গঠনে আলোকবর্তিতা বলে অবহিত করে বলেন, “সমাজকর্ম বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরা দেশের যেকোনো ক্রান্তিলগ্নে সকলের সহযোগিতায় এগিয়ে থাকে। বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোগত সীমাবদ্ধতা দূর করার ক্ষেত্রে সকলের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। শিক্ষার্থীদের আবিষ্কার করতে হবে নিজেকে আর সেটা করার জন্য সংগ্রাম করতে হবে যাতে রয়েছে অবিরাম আনন্দ কারণ সংগ্রামের পরই সাফল্যের আনন্দ।”

তিনি আরো বলেন, “শিক্ষার্থীদের নিজের উপলব্ধি ভালো লাগাটা বুঝতে হবে, চিন্তার পরিধি বড় করতে হবে আর তাদের ভাবনার জায়গায় আন্তর্জাতিক হতে হবে। তাহলেই কেউ জঙ্গী কিংবা সাম্প্রদায়িক হবেনা।”

সমাজকর্ম বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. রাজিনা সুলতানার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন।



এছাড়াও স্বাগত বক্তব্য প্রদান করেন বিভাগীয় অধ্যাপক ড. মোঃ আনোয়ার হোসেন।

এসময় বিভাগীয় শিক্ষক-শিক্ষার্থী নবীন শিক্ষার্থীদের বরণ করে নেয় এবং বিদায়ী শিক্ষার্থীদের ক্রেস্ট প্রদান করা হয়।